**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 27.01.2025** **Desk in Charge :**
**Time : 7.35 AM** **Compiling :**
**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ–

১/ RG KAR –এ মহিলা চিকিৎসককে ধর্ষণ-খুনের ঘটনায় আমৃত্যু কারাবাসের সাজাপ্রাপ্ত সঞ্জয় রায়ের মৃত্যুদন্ড চেয়ে রাজ্য সরকারের করা আবেদনের ওপর আজ কলকাতা হাইকোর্টে শুনানি হওয়ার কথা।

২/ রাজ্যে প্রায় ২৬ হাজার শিক্ষক, শিক্ষিকা, শিক্ষা কর্মীর নিয়োগ বাতিল মামলায় আজ সুপ্রিম কোর্টে শুনানি।

৩/ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসছে।

৪/ কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে একের পর এক বহুতল হেলে পড়ার প্রেক্ষিতে রাজনৈতিক তরজা তুঙ্গে।

৫/ পশ্চিমী ঝঞ্ঝার বাধা কাটতেই রাজ্যে বিভিন্ন জেলায় আবারও শীত অনুভূত হচ্ছে।

৬/ ISL ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, বেঙ্গালুরু এফ সি-র বিরুদ্ধে খেলবে।

**********************************************************************

RG KAR-এ মহিলা চিকিৎসককে ধর্ষণ-খুনের ঘটনায় আমৃত্যু কারাবাসের সাজাপ্রাপ্ত সঞ্জয় রাই-এর মৃত্যুদন্ড চেয়ে রাজ্য সরকারের করা আবেদনের উপর আজ কলকাতা হাইকোর্টে শুনানি হবার কথা। সঞ্জয়ের সর্ব্বোচ্চ সাজার দাবিতে হাইকোর্টে গেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা-CBI'ও। বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চে এই শুনানি হবে বলে জানা গেছে।

গত সোমবার শিয়ালদহ আদালত RG KAR মামলায় সঞ্জয় রায়কে দন্ডাদেশ দেয়। বিচারক জানান, সঞ্জয়ের অপরাধ প্রমাণিত হলেও এই ঘটনা 'বিরলের মধ্যে বিরলতম' নয়। তাকে আমৃত্যু কারাবাসের নির্দেশ দেয় আদালত। এই নির্দেশকে চ্যালেঞ্জ করে হাইকোর্টে মামলা করে রাজ্য সরকার। শাস্তি ঘোষণার পর সঞ্জয়ের ফাঁসি চেয়ে রাজ্য সরকার যে আবেদন করে, CBI তার বিরোধিতা করেছিল। রাজ্য সরকারের এই মামলা করার এক্তিয়ার আছে কি না, তা নিয়েই প্রশ্ন তোলে কেন্দ্রীয় সংস্থা।

*************************

এদিকে, RG KAR-এ মেয়ের মৃত্যুর জন্য মমতা ব্যানার্জিকে দায়ী করে তাঁর পদত্যাগ চেয়েছেন নির্যাতিতার বাবা।

বিষয়টি নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষের পর কলকাতার মেয়র ফিরহাদ হাকিমও কড়া সমালোচনা করে বলেছেন, নির্যাতিতার বাবা-মায়ের প্রতি তার পূর্ণ সহানুভূতি রয়েছে, কিন্তু শোকে নির্যাতিতার বাবা-মায়ের এমন কিছু বলা উচিত নয়, যা তাঁদের এক্তিয়ার এর মধ্যে পড়ে না।

( বাইট- ফিরহাদ )

অন্যদিকে ফিরহাদ হাকিমের এই মন্তব্যের কড়া সমালোচনা করেছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

( বাইট- অধীর )

*************************

রাজ্যে প্রায় ২৬ হাজার শিক্ষক, শিক্ষিকা, শিক্ষা কর্মীর নিয়োগ বাতিল মামলার শুনানি আজ সুপ্রিম কোর্টে হাওয়ার কথা। শীর্ষ আদালতের ওয়েবসাইটে দেওয়া তথ্য অনুযায়ী প্রধান বিচারপতি সঞ্জীব খান্না, বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি কে ভি বিশ্বনাথনের বেঞ্চে আজ দুপুর ২'টোয় মামলাটির শুনানি হবে। এর আগের শুনানিতে শীর্ষ আদালত সংশ্লিষ্ট পক্ষগুলিকে তাদের বক্তব্য জানাতে বলেছিল।

উল্লেখ্য, গত বছরের এপ্রিল মাসে কলকাতা হাইকোর্ট 'স্কুল সার্ভিস কমিশনে'র মাধ্যমে প্রায় ২৬ হাজার পদে নিয়োগ বাতিল করে দেয়।

৭'ই মে সুপ্রিম কোর্টের ততকালীন প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় নিয়োগ বাতিলের ওপর স্থগিতাদেশ দিয়ে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো- CBI-কে নিয়োগ দুর্নীতির তদন্ত এগিয়ে নিয়ে যেতে বলে।

**************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসছে। বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের আগে আজকের বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত হবে বলে মনে করা হচ্ছে।

পাশাপাশি রাজ্যে সরকারি গণপরিবহণ ব্যবস্থাকে ঢেলে সাজাতে চুক্তিভিত্তিক চালক এবং কন্ডাক্টার নিয়োগের ব্যাপারেও একটি প্রস্তাব আজ মন্ত্রিসভার বৈঠকে গৃহীত হতে পারে বলে জানা গেছে। ৮৭৫ জন চালক ও কন্ডাক্টার এই দফায় নিয়োগ করা হতে পারে বলে সূত্রের খবর।

**************************

স্কুলছুটদের ক্লাসে ফেরানো, স্কুলগুলিতে ছাত্র-শিক্ষক-এর সঠিক অনুপাত বজায় রাখা সহ একাধিক দাবীতে আজ বিকাশ ভবন অভিযান করবে, বাম ছাত্র সংগঠন- SFI । এই উপলক্ষ্যে বিকাশ ভবন চত্বরে বাড়ানো হয়েছে নিরাপত্তা।

**************************

বাংলা থেকে এবার ৯ জন পদ্মশ্রী সম্মান পাচ্ছেন। এদের মধ্যে আছেন, নৃত্যশিল্পী-অভিনেত্রী মমতাশঙ্কর, সরোদ বাদক পন্ডিত তেজেন্দ্রনারায়ণ মজুমদার, মুর্শিদাবাদের

জিয়াগঞ্জের ছেলে বিখ্যাত গায়ক অরিজিৎ সিং, উত্তর ২৪ পরগণার মছলন্দপুরের বাসিন্দা ঢাক বাদক গোকুল চন্দ্র দাস, ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী স্বামী প্রদীপ্তানন্দ ওরফে কার্তিক মহারাজ, শিল্পপতি পবন গোয়েঙ্কা এবং সজ্জন ভজনকা, সাহিত্যিক-শিক্ষাকর্মী নগেন্দ্রনাথ রায়, শিক্ষানুরাগী তথা সমাজকর্মী, পরিবার স্কুলের প্রতিষ্ঠাতা বিনায়ক লোহানি। পদ্মশ্রী প্রাপকদের তালিকায় রয়েছেন 'স্টেট্ ব্যাংক অফ ইন্ডিয়া'র প্রাক্তন চেয়ারপার্সন অরুন্ধতি ভট্টাচার্যও।

পন্ডিত **তেজেন্দ্রনারায়ণ মজুমদার** তাঁকে পুরস্কারের জন্য মনোনীত করায়, ধন্যবাদ জানান নির্বাচক কমিটিকে।

(বাইট – তেজেন্দ্রনারায়ণ)

**************************

শহর কলকাতায় হেলে থাকা বাড়ির সংখ্যা ক্রমশ বাড়ছে। দক্ষিণ কলকাতার কালিকাপুরে আবারও একটি বহুতল পাশের ভবনের দিকে হেলে পড়েছে। এই নিয়ে এলাকায় আতঙ্ক ছড়িয়েছে।

উল্লেখ্য, এর আগে বাঘাযতীন, এন্টালি, তপসিয়া, ট্যাংরা, মসজিদবাড়ি লেন ও আশুতোষ মুখার্জী রোডেও পরপর কয়েকটি বাড়ি হেলে পড়ে।

কলকাতায় একের পর এক বহুতল হেলে পড়ার ঘটনায় তৃণমূল কংগ্রেস সরকারের কড়া সমালোচনা করেছেন বরিষ্ঠ বিজেপি নেতা দিলীপ ঘোষ-

( বাইট- দিলীপ )

বাড়ি কিভাবে তৈরী হচ্ছে সে ব্যাপারে নাগরিকদের আরো সতর্ক থাকতে হবে বলে তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ মন্তব্য করেছেন।

( বাইট- কুণাল)

**************************

নদীয়ার মাজদিয়ার নাঘাটায় বাঙ্কার উদ্ধারের ঘটনায় বাংলাদেশ সীমান্ত জুড়ে BSF কড়া নজরদারি চালাচ্ছে। জারি করা হয়েছে হাই অ্যালার্ট। কেন্দ্রীয় মাদক নিয়ন্ত্রণ

ব্যুরো ঘটনার তদন্ত শুরু করেছে। শীর্ষ কর্তারা ইতমধ্যে ঘটনাস্থল পরিদর্শন করেন, সরেজমিনে খতিয়ে দেখেন বাঙ্কারগুলিও।

এদিকে, যেখানে বাঙ্কারগুলি ছিল, সেই জমির মালিকের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। এখনও পর্যন্ত এই ঘটনায় কাউকে গ্রেফতার করা যায়নি।

**************************

মালদার গাজোলে অভিযান চালিয়ে পুলিশ প্রায় ২ লক্ষ টাকার জাল নোট উদ্ধার করেছে। এই ঘটনায় দুজনকে গ্রেফতার করা হয়েছে। উদ্ধার হয়েছে ১ লক্ষ ৯৭ হাজার টাকার জাল নোট।

নির্দিষ্ট খবরের ভিত্তিতে ‘রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স ও ক্রাইম মনিটরিং গ্রুপ যৌথ অভিযান চালিয়ে একটি বাস থেকে ঐ জাল নোট উদ্ধার করে। ধৃত মোশারফ হোসেন ও নাসিম শেখ বৈষ্ণবনগরের বাসিন্দা।

**************************

নদীয়ার ফুলিয়ার বুইচাঁ থেকে বিপুল পরিমাণ ভেজাল ঘি উদ্ধারের ঘটনায় পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। রানাঘাটের অতিরিক্ত পুলিশ সুপার লাল্টু হালদার জানিয়েছেন, বুঁইচার ঘি-এর কারখানায় তল্লাশি চালিয়ে তারা প্রায় আড়াই হাজার কেজি ঘি ও চারশো লিটার তেল বাজেয়াপ্ত করে। সেগুলির বাজার দর প্রায় ২০ লক্ষ টাকা। ভেজাল ঘি-এর বিরুদ্ধে লাগাতার অভিযান চলবে বলে জানিয়েছেন অতিরিক্ত পুলিশ সুপার ।

**************************

পশ্চিমী ঝঞ্ঝার বাধা কাটতেই রাজ্যে বিভিন্ন জেলায় আবারও শীত অনুভূত হচ্ছে। আগামী ২-১ দিন তাপমাত্রা নিম্নমুখী থাকবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস।

কলকাতায় আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে সামান্য কম। সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

কয়েকটি জেলায় সকালের দিকে ঘন কুয়াশা থাকতে পারে বলে জানানো হয়েছে।

*************************

ISL ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট আজ ব্যাঙ্গালুরু এফসির বিরুদ্ধে খেলবে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

দুই দলই ১৭ টি করে ম্যাচ খেলেছে। মোহনবাগান ৩৭ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকায় শীর্ষে রয়েছে, অন্যদিকে ব্যাঙ্গালুরু ২৮ পয়েন্ট নিয়ে আছে তৃতীয় স্থানে।

মুম্বইয়ে গতকাল মুম্বাই সিটি এফ সি ৩-০ গোলে মহামেডান স্পোর্টিংকে হারিয়ে দিয়েছে।

*****************************************************************